



ইমেইল সার্কুলার
০২ জুন, ২০২০

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ডিসিসিআই কর্তৃক প্রদত্ত
সেবা সম্পর্কে অবহিতকরণ**

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সম্মানিত সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসিসিআই পরিচালক পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা চেম্বারে SME Development Department নামে একটি নতুন বিভাগ খোলা হয়েছে।

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজসমূহের অবদান অনস্বীকার্য। তাই করোনাভাইরাস জনিত রোগের ফলে সৃষ্ট মহামারির সময় ক্ষতিগ্রস্ত এ খাতসমূহের উন্নয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। চেম্বারের সম্মানিত সদস্যবৃন্দ যারা কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতসমূহের সাথে সংশ্লিষ্ট, তাদেরকে উক্ত প্রণোদনা লাভের উদ্দেশ্যে চেম্বারের হেল্প ডেস্কে SME Development Department কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার বিষয়ে তথ্য প্রদান ও পরামর্শমূলক সেবা প্রদান করা হচ্ছে। ডিসিসিআই হেল্প ডেস্কে এ সেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সদস্যবৃন্দকে নিম্নে উল্লেখিত কর্মকর্তাগণের সাথে যোগাযোগের অনুরোধ জানানো যাচ্ছে -

- ১) জনাব ইনামুল হাফিজ লতিফী, উপসচিব, ডিসিসিআই।
মোবাইল: ০১৮৪১-১৯০৫৬৭
- ২) জনাব মোহাম্মদ মোসলেহ উদ্দীন, উপসচিব, ডিসিসিআই।
মোবাইল: ০১৬৭০-০০১২২৪
- ৩) জনাব মুন্সি মোঃ আজিজুর রহমান, সহকারি সচিব, ডিসিসিআই।
মোবাইল: ০১৭৩৬-২২০৭১৭

মোঃ জয়নাল আশীন
সচিব

